ভোরের কাগজ

২৪৩

তারিখ SEP 27 1999
পৃষ্ঠা 9 কলাম 2

## ইসলামী বিশ্ববিদ্যালয় থমথমে

# এক সাংবাদিককে অপহরণের জন্য শিবির ক্যাডারদের তৎপরতা

কুষ্টিয়া প্রতিনিধি : ইসলামী বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি এখনো থমথমে রয়েছে। শনিবার ছাত্র শিবিরের ক্যাডারদের দ্বারা ইবি প্রেসক্লাবের সেক্রেটারি ও জনকণ্ঠ সংবাদদাতা অখিল পোদ্দারকে অপহরণের চেষ্টা ব্যর্থ হয়েছে।

গত বৃহস্পতিবার রাতে বার্ষিক প্রীতিভোজকে কেন্দ্র করে শিবিরের তাণ্ডবের সংবাদ গতকাল জনকণ্ঠে প্রকাশের পরিপ্রেক্ষিতে ছাত্রশিবির ক্যাডাররা তাকে শায়েস্তা করার জন্য অপহরণের ষড়যন্ত্র করে এবং ক্যাম্পাসে তাকে খুঁজতে থাকে। এ সময় অখিল পরীক্ষা দিচ্ছিলেন। এ খবর জানতে পেরে প্রক্টর রুহুল কুদ্দুস ১০/১২ জন দাঙ্গা পুলিশ নিয়ে পরীক্ষা হলের সামনে অপেক্ষা করতে থাকেন। পরীক্ষা শেষ হলে প্রক্টর ও ছয়জন শিক্ষকের নেতৃত্বে দাঙ্গা পুলিশসহ তাকে উপাচার্য অফিসে নিয়ে আসা হয়। পরে দাঙ্গা পুলিশসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের গাড়িতে করে কুষ্টিয়ায় পৌঁছে দেওয়া হয়।

উল্লেখ্য, বৃহস্পতিবার রাতে শিবিরের ক্যাডারদের হাতে কয়েকজন সিনিয়র ছাত্রসহ ইত্তেফাকের ইবি সংবাদদাতা হোসেন আল মামুন আহত হন। এসব ঘটনার কারণে ক্যাম্পাসভিত্তিক রিপোর্টিং হুমকির সম্মুখীন হয়ে পড়েছে।

এদিকে সাংবাদিকদের ওপর শিবিরের অব্যাহত সন্ত্রাসী কার্যকলাপে ইবি প্রেসক্লাব, সাংবাদিক সমিতিসহ বিভিন্ন ছাত্র সংগঠন নিন্দা প্রকাশ ও তাদের নিরাপত্তা দাবি করেছে।